গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল

এবং

সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৬

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

১। বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক গবেষণা মঞ্জুরী প্রদানের লক্ষ্যে যাচিত প্রায়োগিক গবেষণা প্রস্তাব দাখিল ও মূল্যায়ন সংক্রান্ত" EPRC Grants Proposal Submission Guideline" (Version-1) এবং" EPRC Grants Proposal Evaluation Guideline" (Version-1) প্রণয়ন করা হয়েছে।
২। গবেষণা প্রস্তাবসমূহ দাখিল ও মূল্যায়ন অনলাইনের মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে Version 1.0 of digital research management portal তৈরি করা হয়েছে। http://researchgrant.eprc.gov.bd/
৩। EEE বিভাগ, বুয়েট-এ Building Energy Management System (BEMS) ল্যাব প্রতিষ্ঠার জন্য EEE বিভাগ, বুয়েট এবং ইপিআরসি উভয়ের মধ্যে গত ৩০/০১/২০১৮ খ্রিঃ তারিখে একটি আর্থিক চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে।
৪। কাউন্সিল-এর নিজস্ব ব্যবস্থাপনায় এবং কাউন্সিলের অর্থায়নে BUET, CUET, RUET, KUET, DU এবং RUতে বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণা সংক্রান্ত সেমিনার ও কর্মশালা করা হয়েছে।
৫। ৬ টি প্রায়োগিক গবেষণা প্রকল্পে অর্থায়ন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

চ্যালেঞ্জসমূহ: (ক) কাউন্সিলের কার্যক্রম, লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক গবেষক ও জনগণকে ব্যাপকভাবে অবহিতকরণ। (খ) বর্তমানে বাংলাদেশে বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক গবেষণা কার্যক্রমের পরিধি সীমিত। এ পর্যায়ে মানসম্মত প্রায়োগিক গবেষণা কার্যক্রমের একটি ব্যাপকভিত্তিক প্ল্যাটফর্ম তৈরি। (গ) কাউন্সিলের Motto : I2E (ইনোভেশন, ইনকিউবেশন, অনট্রাপ্রণারশীপ) সমন্বিতভাবে এগিয়ে নিয়ে যাওয়া।
সমস্যাসমূহ: (ক) কাউন্সিলের নিজস্ব কোন ভবন নাই। (খ) কাউন্সিলের সাংগঠনিক কাঠামো, কর্মপরিধি এবং টিওএন্ডই অনুমোদনের কার্যক্রম প্রক্রিয়াধীন থাকায় কাউন্সিলের পর্যাপ্ত লোকবল নিয়োগ দেয়া যাচ্ছে না।

ভবিষ্যৎ পরিকল্পনা:

বিইপিআরসি বিধিমালা এবং কাউন্সিলের চাকুরী প্রবিধিমালা প্রণয়ন ও কর্তৃপক্ষের নিকট দাখিল; কাউন্সিলের কর্মচারী পদোন্নতি নীতিমালা প্রণয়ন এবং কর্তৃপক্ষের নিকট দাখিল; বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণা কার্যক্রমে গবেষণা মঞ্জুরী প্রদান ও সমন্বয়; বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানে আন্তর্জাতিক মানের পরীক্ষাগার ও গবেষণাগার স্থাপন এবং বিদ্যমান গবেষণাগারসমূহের আধুনিকায়নের নিমিত্তে গবেষণা মঞ্জুরী প্রদান। বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক কর্মশালা, সেমিনার এবং সিম্পোজিয়াম আয়োজন; উদ্ভাবনী গবেষণা প্রকল্প দর্শন/পরিদর্শন; দীর্ঘমেয়াদী গবেষণার কর্মপরিকল্পনা প্রণয়ন; কর্মচারীদের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ গ্রহণ;

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বিভিন্ন সংস্থায় বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণা কার্যক্রমে অর্থায়ন ও সমন্বয়।
- বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক ০৭ টি গবেষণায় মঞ্জুরী প্রদান।
- বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক ১২ টি কর্মশালা, সেমিনার এবং সিম্পোজিয়াম আয়োজন ।
- কর্মচারীদের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬০ জনঘন্টা প্রশিক্ষণ গ্রহণ।
- উদ্ভাবনী গবেষণা প্রকল্পসমূহ পরিদর্শণ এবং পর্যবেক্ষণ ।
- গবেষণা প্রস্তাবসমূহ দাখিল ও মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে বিদ্যমান ওয়েবপোর্টাল আপগ্রেডেশন।
- দীর্ঘমেয়াদী গবেষণা পরিকল্পনা প্রণয়ন।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল

এবং

সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের জ্বালানি ও বিদ্যুৎ খাতের দক্ষ, সাশ্রয়ী এবং পরিবেশগতভাবে টেকসই উন্নয়নে উদ্ভাবনী সমাধানের লক্ষ্যে বুদ্ধিবৃত্তিক নেতৃত্ব প্রদান।

১.২ অভিলক্ষ্য (Mission)

কাউন্সিল বিশ্বব্যাপী বিশেষজ্ঞদের আকর্ষণের জন্য ক্ষেত্র তৈরি করবে এবং বৈজ্ঞানিক সহযোগিতার মাধ্যমে দেশের বিশেষজ্ঞ তৈরি করতে সহায়তা করবে। এটি বিভিন্ন বিশ্ববিদ্যালয়, সরকারী/বেসরকারী গবেষণা সংস্থা এবং শিল্প প্রতিষ্ঠানের বিশেষজ্ঞগণের গবেষণা দক্ষতা জোরদার করবে এবং পাশাপাশি জ্বালানি ও বিদ্যুৎ খাতের উন্নয়নের জন্য প্রযোজ্য প্রযুক্তি ও পদ্ধতি সমূহ গড়ে তুলতে বিভিন্ন উদ্যোক্তাদের সহায়তা করবে।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. জ্বালানি ও বিদ্যুৎ বিষয়ক গবেষণা সংশ্লিষ্ট কার্যক্রম জোরদারকরণ;
২. ইপিআরসি'র কাঠামোগত উন্নয়ন;
৩. গবেষণা পরিকল্পনা প্রণয়ন;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. কাউন্সিলের সাংগঠনিক কাঠামো এবং কর্মপরিধি অনুমোদনকরণ।
২. বিইপিআরসি বিধিমালা প্রণয়ন।
৩. কর্মচারী চাকুরী প্রবিধানমালা প্রণয়ন।
৪. দীর্ঘ মেয়াদী গবেষণা পরিকল্পনা প্রণয়ন
৫. বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে গবেষণা কার্যক্রম সমন্বয় এবং আর্থিক ও কারিগরী সহযোগিতা প্রদান ।
৬. বিদ্যুৎ ও জ্বালানি গবেষণা বিষয়ক কর্মশালা, সিম্পোজিয়াম, সেমিনার আয়োজনকরণ।
৭. বাৎসরিক প্রশিক্ষণ গ্রহণ।
৮. বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক সম্ভাব্য বিভিন্ন উদ্ভাবনী প্রকল্প দর্শন/পরিদর্শন।
৯. গবেষণা সংক্রান্ত ওয়েব পোর্টাল হালনাগাদকরণ

সেকশন ২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা ২০১৯-২০	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২০-২১	২০২১-২০২২		
মানব সম্পদ উন্নয়ন	অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি।	জনঘন্টা	৫৮	৬০	৬০	৬০	৬০	বিদ্যুৎ বিভাগ	বার্ষিক প্রতিবেদন
বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণার ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি	বিভিন্ন সংস্থায় বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক গবেষণা কার্যক্রমে অর্থায়ন এবং সমন্বয়।	সংখ্যা	০৫	০৬	০৭	০৮	০৯	বিদ্যুৎ বিভাগ	বার্ষিক প্রতিবেদন
গবেষকগণকে জ্বালানি ও বিদ্যুৎ বিষয়ক প্রয়োগিক গবেষণা কার্যক্রমে অধিকতর উদ্বুদ্ধকরণ	উদ্ভাবনী গবেষণা প্রকল্প পরিদর্শণ এবং পর্যবেক্ষণ।	সংখ্যা	০৫	০৬	০৮	১০	১২	বিদ্যুৎ বিভাগ	বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ